রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

সার্কুলার নং-০৪/২০১৭ তারিখ : ১০.০৭.২০১৭

বিষয় : মৎস্য চাষ ঋণ নিয়মাচার।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে মৎস্য খাতের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এ খাতের গুরুত্ব বিবেচনায় সর্বশেষ গত ৩১.০৭.২০০৮ তারিখে ঋণ ও অগ্রিম বিভাগ-১ থেকে পরিপত্র নং ০৪/২০০৮ জারীর মাধ্যমে নিবিড় পদ্ধতিতে মাছ চাষের জন্য "রাকাব মৎস্য পল্লী ঋণ কর্মসূচি ও ঋণ নিয়মাচার" চালু করা হয়। সময়ের ব্যবধানে মাছ চাষ পদ্ধতির পরিবর্তন, মাছের খাদ্য ও অন্যান্য উপকরণের মূল্য বৃদ্ধি, বাণিজ্যিক ভিত্তিতে মাছ চাষে উৎসাহী বেকার যুবকদের স্বনির্ভর করা এবং দেশীয় প্রজাতির অবলুপ্তপ্রায় মাছ চাষে উদ্বুদ্ধ করার জন্য এ সকল খাতে নির্ধারিত ঋণসীমা বৃদ্ধি করাসহ দেশীয় প্রজাতির মাছ চাষ অন্তর্ভুক্ত করে নতুন ঋণ নিয়মাচার জারী করা আবশ্যক।

এমতপ্রেক্ষিতে দেশে মাছের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে ক্রমবর্ধমান জনগোষ্ঠির প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, আত্মকর্মসংস্থান সৃষ্টি, অবলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছ চাষের মাধ্যমে দেশের ঐতিহ্য ফিরিয়ে আনা, সর্বোপরি আগ্রহী মৎসজীবি কৃষকদের বাণিজ্যিক ভিত্তিতে মাছ চাষে উৎসাহিত করার লক্ষ্যে (১) কৈ, টেংরা ও পুঁটি জাতীয় মাছের মিশ্র চাষ (২) পাঙ্গাস ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ, (৩) পাঙ্গাস মাছ চাষ, (৪) মনোসেক্স তেলাপিয়া মাছ চাষ (৫) কার্প জাতীয় মাছ চাষ (৬) গলদা চিংড়ি ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ (৭) পাবদা ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ (৮) শিং, মাগুর ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ এবং (৯) নার্সারী পুকুরে কার্প জাতীয় মাছের রেণু/পোনা চাষ সংক্রান্ত ঋণ নিয়মাচার গত ২১.০৬.২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৫৬তম সভায় নিম্নোক্তভাবে অনুমোদন করা হয় :

ক্রঃ নং	খাতের নাম	অর্থায়ন পরিকল্পনা (টাকায়)				সংযোজনী
		জলায়তন	মোট উৎপাদন ব্যয়	ব্যাংক ঋণ (৮০%)	উদ্যোক্তার বিনিয়োগ (২০%)	
১	কৈ, টেংরা ও পুঁটি জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	২,২০,০০০/-	১,৭৬,০০০/-	৪৪,০০০/-	'ক'
২	পাঙ্গাস ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	২,০২,০০০/-	১,৬২,০০০/-	৪০,০০০/-	'খ'
৩	পাঙ্গাস মাছ চাষ	৩৩ শঃ	১,৯৫,০০০/-	১,৫৬,০০০/-	৩৯,০০০/-	'গ'
৪	মনোসেক্স তেলাপিয়া মাছ চাষ	৩৩ শঃ	১,৭২,০০০/-	১,৩৮,০০০/-	৩৪,০০০/-	'ঘ'
৫	কার্প জাতীয় মাছ চাষ	৩৩ শঃ	১,৩৪,০০০/-	১,০৭,০০০/-	২৭,০০০/-	'ঙ'
৬	গলদা চিংড়ি ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	১,১৮,০০০/-	৯৪,০০০/-	২৪,০০০/-	'চ'
৭	পাবদা ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	১,১৭,৫০০/-	৯৪,০০০/-	২৩,৫০০/-	'ছ'
৮	শিং,মাগুর ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	১,০০,৩০০/-	৮০,০০০/-	২০,৩০০/-	'জ'
৯	নার্সারী পুকুরে কার্প জাতীয় মাছের রেণু/পোনা চাষ	৩৩ শঃ	৪৫,০০০/-	৩৬,০০০/-	৯,০০০/-	'ঝ'

০২। আলোচ্য ঋণ নীতিমালার উল্লেখ্যযোগ্য বৈশিষ্ট্য (Criteria) নিম্নরূপ :

(১) **ঋণ কর্মসূচির নাম :** মৎস্য চাষ ঋণ নিয়মাচার।

(২) **ঋণ কর্মসূচির উদ্দেশ্য :**
বাণিজ্যিক ভিত্তিতে মাছ চাষে উৎসাহী বেকার যুবকদের স্বনির্ভর করা এবং দেশীয় প্রজাতির অবলুপ্তপ্রায় মাছ চাষে উদ্বুদ্ধ করা।

(৩) **ঋণ প্রাপ্তির যোগ্যতা :**

ক) প্রকৃত মৎস্যজীবি কৃষক এবং মাছ চাষে জড়িত আছেন এমন মৎস্য চাষীগণ এ ঋণ সুবিধা পাওয়ার যোগ্য হবেন। এক্ষেত্রে নিজস্ব পারিবারিক পুকুর/জলাশয়ের পাশাপাশি লীজকৃত পুকুর/জলাশয়ে মাছ চাষে জড়িত ব্যক্তিগণ এ ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন। তবে যুব উন্নয়ন অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর বা অন্য কোন উন্নয়ন সংস্থা হতে মাছ চাষের উপর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষিত যুবক/যুব মহিলা মৎস্য চাষীগণ অগ্রাধিকার পাবেন।

খ) লীজকৃত পুকুর/জলাশয়ের ক্ষেত্রে নতুন ঋণ প্রস্তাব মূল্যায়নকালে যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর সম্পাদিত কমপক্ষে ৩ (তিন) বছর মেয়াদের লীজ চুক্তি থাকতে হবে। পরবর্তীতে ঋণটি নবায়ন বা বর্ধিতকরণসহ নবায়নের ক্ষেত্রে লীজচুক্তির মেয়াদ কমপক্ষে ঋণের মেয়াদ পর্যন্ত থাকলেই চলবে।

(৪) **বাস্তবায়ন এলাকা :**
রাকাবের আওতাধীন এলাকায় এ ঋণ কর্মসূচির মাধ্যমে ঋণ বিতরণ করা যাবে। প্রতিটি শাখার আওতাধীন এলাকার আগ্রহী মৎস্য চাষীগণ ঐ শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন।

(৫) **ঋণের আবেদন :**
এ ঋণের জন্য বর্তমানে প্রচলিত চলতি পুঁজি ঋণের আবেদন ফরম (এল.এফ-৮) ব্যবহার করতে হবে। অর্থবছরের যে কোন সময় এ ঋণের জন্য আবেদন করা যাবে। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২২.১২.২০১১ তারিখের সার্কুলার নং-১০/২০১১ মোতাবেক প্রতি হাজার টাকা ঋণ আবেদনের জন্য ৫.০০ টাকা হারে মূল্যায়ন ফি গ্রহণ করতে হবে।

(৬) **ঋণ প্রস্তাব মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ :**
শাখার মাঠ পর্যায়ে কর্মরত সুপারভাইজার/কর্মকর্তা নির্বিশেষে আলোচ্য ঋণ প্রস্তাব মূল্যায়ন/ প্রক্রিয়াকরণ করতে পারবেন।

(৭) **ঋণসীমা নির্ধারণ :**
ক) মাছের প্রজাতি ও উপরোল্লিখিত প্যাকেজ মোতাবেক নিরূপিত ব্যয় ও ঋণসীমার নিরীখে ঋণের চাহিদা নিরূপণ করতে হবে।
খ) প্রাক্কলিত ঋণ চাহিদার ৮০ ঃ ২০ ঋণ-ইকুইটি অনুপাতে ঋণের লিমিট (ঋণসীমা) নির্ধারণ করতে হবে।

(৮) **ঋণ মঞ্জুরি ক্ষমতা :**
এ খাতে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নিম্নোক্ত ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে : (লক্ষ টাকায়)

ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	উপ-মহাব্যবস্থাপক (জোনাল কার্যালয় প্রধান)/এলপিও / ঢাকা শাখা	সহকারী মহাব্যবস্থাপক (জোনাল কার্যালয় প্রধান)	শাখা ব্যবস্থাপক			
					সহকারী মহা-ব্যবস্থাপক	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	প্রিন্সিপাল অফিসার	সিনিয়র অফিসার/ অফিসার
২০০.০০	৩০.০০	২৫.০০	১২.০০	১২.০০	৪.০০	২.০০	১.০০	০.৫০

(৯) **ঋণের জামানত :**

ক) চলতি পুঁজি (হাইপো) ঋণের প্রচলিত নিয়ম অনুযায়ী ঋণাংকের ১.৫০ গুণ কভার করে নিরূপিত মূল্যের সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানত মূল্য নিরূপনের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ০৫.১১.২০১৩ তারিখের সার্কুলার নং-০৩/২০১৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

খ) সহায়ক জামানত প্রদানে অসমর্থ এমন প্রকৃত মৎস্য চাষীর ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণের জন্য অতিরিক্ত সহায়ক জামানতের প্রয়োজন হবে না। এক্ষেত্রে ঋণ খেলাপি নন এবং মঞ্জুরিকৃত ঋণ পরিশোধে সামর্থ্যবান ও ব্যাংকের কাছে গ্রহণযোগ্য ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত নিশ্চয়তা (Personal Guarantee) গ্রহণ করতে হবে। তবে একই ব্যক্তির নিকট থেকে একাধিক ঋণের ব্যক্তিগত নিশ্চয়তা গ্রহণ করা যাবে না।

(১০) **ঋণের ডকুমেন্টেশন :**

চলতি পুঁজি ঋণের প্রচলিত নিয়মে এ ঋণের ডকুমেন্টেশন করতে হবে। ঋণ নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২৯.০৩.২০১১ তারিখের সার্কুলার নং-০২/২০১১ এবং ০২.০৫.২০১২ তারিখের সার্কুলার লেটার নং-০৪/২০১২ অনুসরণ করতে হবে।

(১১) **ঋণ বিতরণ :**

মঞ্জুরিকৃত ঋণ নিরূপিত ড্রয়িং পাওয়ারের ভিত্তিতে ৭০ ঃ ৩০ অনুপাতে বিতরণযোগ্য হবে।

(১২) **ঋণ পরিশোধসূচি ও সুদের হার :**

আলোচ্য ঋণের মেয়াদ হবে মঞ্জুরি/নবায়নের তারিখ থেকে এক বছর। এ ঋণের ক্ষেত্রে চলতি পুঁজি ঋণের প্রচলিত সুদ হার (বর্তমানে ১৩%) প্রযোজ্য হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য। ঋণগ্রহীতাগণের নিকট থেকে শুধুমাত্র সুদের টাকা আদায় করে লিমিট নবায়ন/বর্ধিতকরণসহ নবায়ন করা যাবে। তবে ঋণটি সন্দেহজনক/মন্দ মানে শ্রেণীকৃত হলে সম্পূর্ণ টাকা আদায় সাপেক্ষে শুধুমাত্র নবায়ন মঞ্জুরি কার্যকর করা যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রচলিত নিয়ামানুযায়ী মঞ্জুরকারী কর্তৃপক্ষের একধাপ নিচের কর্তৃপক্ষ ঋণ নবায়ন করতে পারবেন।

(১৩) **পরিদর্শন ও তদারকি :**

ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপক ফলপ্রসু তদারকির যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে এ সকল ঋণগ্রহীতার তালিকা ও কন্টাক্ট নম্বর সংরক্ষণ করবেন। এ খাতে বিতরণকৃত ঋণের টাকা কোন অবস্থাতেই শ্রেণীকৃত হতে দেয়া যাবে না।

(১৪) **হিসাবায়ন ও রিপোর্টিং :** চলতি পুঁজি ঋণ হিসাবের খাত থেকে এ ঋণ বিতরণ করতে হবে। এ খাতে বিতরণকৃত ঋণ চলমান (কৃষি) উপ-খাতে প্রদর্শন করতে হবে। মাঠ কার্যালয়সমূহ বিতরণকৃত ও আদায়কৃত ঋণের তথ্য সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করবে।

০৩। এ ঋণ কর্মসূচি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে। একই সাথে এ বিভাগ থেকে ইতোপূর্বে জারীকৃত সার্কুলার নং-০৪/২০০৮ তারিখ ৩১.০৭.২০০৮ সহ এতদসংক্রান্ত সকল সার্কুলার/সার্কুলার লেটার/পত্রাদি বাতিল বলে গণ্য হবে।

০৪। এমতপ্রেক্ষিতে বর্ণিত নীতিমালা অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট সকলকে অবলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির মাছ চাষসহ প্যাকেজে বর্ণিত মাছ চাষ ঋণ বিতরণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৫। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১০.০৭.২০১৭
(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/৪৬/২০১৭-২০১৮/২৭(৪৪৪) তারিখ : ১০.০৭.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

১০.০৭.২০১৭
(মোঃ ছলিম উদ্দীন)
মুখ্য কর্মকর্তা